

# CONCEPT OF LEARNING

( শিখনের ধারণা )

Education Honours (Semester – II)

Course Type : CC-3

Unit- 3

Sub Unit- 3.1

&

Education General (Semester – II)

Course Type : CC-2 / GE -2

Unit – 3

Sub Unit- 3.1

by

Patit Paul  
Assistant Professor  
Dept. of Education  
Azad Hind Fouz Smriti Mahavidyalaya  
Domjur, Howrah  
patitpaul.gentle@gmail.com

## শিখন উদ্দেশ্য : শিখন সম্পর্কে ধারণা লাভ

অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিতে সক্ষম হবে :

শিখনের সংজ্ঞা দাও।

শিখন হল একটি অত্যন্ত জটিল মানসিক প্রক্রিয়া। খুব সহজে একে ব্যাখ্যা করা যায় না। তবুও প্রতিমুহূর্তে প্রাণীর শিখনকার্য ঘটে চলেছে। প্রকৃতপক্ষে প্রাণীর এই শিখনকার্য শুরু হয় মার্তৃগর্ভে থাকা অবস্থা থেকেই আর মৃত্যু পর্যন্ত ধারাবাহিকভাবে চলতে থাকে। জন্মের পর প্রত্যেক প্রাণী তার নিজের অস্তিত্বকে টিকিয়ে রাখার জন্য পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে ক্রমাগত মানিয়ে চলার চেষ্টা করে। আর এর ফলে প্রাণীর পূর্বের আচার আচরণের মধ্যে নানা ধরনের পরিবর্তন সংঘটিত হয়। এক কথায় বলতে গেলে, এই ধরনের আচরণ পরিবর্তনের প্রক্রিয়াকেই বলা হয় শিখন।

শিখন আবার অনেক সময় অতীত অভিজ্ঞতার উপর ভিত্তি করে সংঘটিত হয়। আমরা আমাদের অতীত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে অনেক সময় শিখে থাকি। অনেক সময় আবার প্রশিক্ষণ বা অনুশীলনের প্রভাবেও আমাদের আচরণের পরিবর্তন ঘটে। সুতরাং এদিক থেকে বলা যায়, 'Learning is the process of modification of behaviour through experience and training' অর্থাৎ অতীত অভিজ্ঞতা এবং প্রশিক্ষণের প্রভাবে আচরণ পরিবর্তনের প্রক্রিয়াই হল শিখন।

শিখনের সংজ্ঞা : শিখন হল সেই প্রক্রিয়া যার সাহায্যে ব্যক্তি নতুন আচরণ সম্পন্ন করার দক্ষতা অর্জন করে। বিভিন্ন মনোবিদ শিখনের বিভিন্ন সংজ্ঞা দিয়েছেন -

উডওয়ার্থ (Charles Woodworth) শিখন বলতে সেই ধরনের সক্রিয়তাকে বলেছেন যা ব্যক্তির আচরণে পরিবর্তন আনে এবং ব্যক্তির পূর্ববর্তী আচরণ ও অভিজ্ঞতার পরিবর্তন ঘটায়।

স্মিথ (H. P. Smith) শিখনের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন, শিখন হল অভিজ্ঞতার ফলশ্রুতি হিসাবে নতুন আচরণ আয়ত্তীকরণ অথবা পুরাতন আচরণের দৃঢ়ীকরণ বা শিথিলকরণের প্রক্রিয়া।

ড্রিভার (James Drever) এর মতে, ফলাফলের অভিজ্ঞতার ভিত্তিতে আচরণের পরিবর্তনকে শিখন বলে।

মনোবিদু গার্ডনার মারফি (Gardner Murphy) এর মতে, “The term learning covers every modification in behaviour to meet environmental requirements” অর্থাৎ পরিবেশের প্রয়োজন মেটাতে আমাদের যে সব আচরণগত পরিবর্তন ঘটে, তাকে শিখন বলে।

মনোবিদু ক্রো এবং ক্রো (Crow and Crow) শিখনের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন, Learning is the acquisition of habits, knowledge and attitudes. It involves new ways of doing things and it operates on an individual’s attempt to overcome obstacles or to adjust to new situations. It represents progressive changes in behaviour. It enables him to satisfy interests to attain a goal. অর্থাৎ শিখন হল নতুন পরিস্থিতিতে সংগতিবিধান করার জন্য নতুন কাজ করা, বাধা অতিক্রম করার প্রচেষ্টা এবং আচরণের উন্নয়নধর্মী পরিবর্তন। শিখন লক্ষ্যে উপনীত হবার আগ্রহেরও তৃপ্তি ঘটায়।

মনোবিজ্ঞানী ম্যাকগক্ (John A McGeoch) বলেন, সক্রিয়তা, অনুশীলন ও অভিজ্ঞতার সাপেক্ষে ব্যক্তিজীবনের কর্মসম্পাদনের পরিবর্তন প্রক্রিয়াই হল শিখন।

মনোবিজ্ঞানের অভিধানে (Dictionary of Psychology) শিখন সম্পর্কে যে সংজ্ঞাটি দেওয়া হয়েছে সেটি হল - “Learning - modification of a response, following upon and resulting from experience of results” অর্থাৎ শিখন হল অভিজ্ঞতার ফলশ্রুতি অনুসৃত এবং তা থেকে সৃষ্ট একটি সাদার পরিবর্তন।

সুতরাং বিভিন্ন মনোবিদদের দেওয়া উপরোক্ত সংজ্ঞাগুলির ভিত্তিতে বলা যায় যে, যে মানসিক প্রক্রিয়া অতীত অভিজ্ঞতার ভিত্তিতে আচরণের প্রগতিশীল পরিবর্তনের মাধ্যমে ব্যক্তির মানসিক এবং শারীরিক বিকাশ ঘটিয়ে তাকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে সার্থকভাবে মানিয়ে নিতে সাহায্য করে, তাকেই বলে শিখন।

## শিক্ষার্থীদের কাজ :

- শিখনের সংজ্ঞা দাও।